

**ST. XAVIER'S SCHOOL PURULIA**  
**SUB : BENGALI LIT.**  
**CLASS : VIII PHASE : I**

**আজকের পাঠ- শৈশবের স্মৃতি (শিবনাথ শাস্ত্রী)**

**মূলভাব**

- গল্পটি হল প্রখ্যাত সাহিত্যিকের ছেলেবেলার নান কৌতুহল ও অনুসন্ধিৎসার এক সরস ও উপভোগ্য বর্ণনা। বাবার হাতে মার খেয়েও কী ভাবে লেখক তাঁর ছোটবেলায় পশ্চ পাখিদের ধরতেন, তাদের যত্ন নিতেন তারই স্মৃতিচারণা তিনি করেছেন এই গল্পে।
- পাঠ্যাংশটি লেখকের ‘আত্মচরিত’ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

**শব্দার্থ-**

শৈশব- শিশুকাল	অগ্রভাগ- সামনের দিক
প্রবিষ্ট - ভেতর ঢোকা	বলবান- শক্তিশালী
প্রকান্ড - বিশাল	অচৈতন্য- চেতনাহীন
প্রহার- মার	

**প্রশ্ন-**

- 1. চুপ কর, চুপ কর পিঁপড়েরা কি বলছে শুনি?
  - a) কে কখন কাদের একথা বলতেন ?
  - b) পিঁপড়ের কথা শোনার জন্য তিনি কি করতেন ?
  - c) কি দেখে বক্তার মনে হতো তারা কথা বলতে পারে ?
  - d) বক্তার এই কান্ড দেখে অন্যেরা কি করতেন ?

[2+1+3+2=8]

**উত্তরঃ**

- a) প্রখ্যাত লেখক শিবনাথ শাস্ত্রী মহাশয় তাঁর ছেলেবেলায় পিঁপড়ের কথা শোনার বাসনায় বাড়ির বড়দের একথা বলতেন।
- b) পিঁপড়ের কথা শোনার জন্য লেখক তাঁর ছোটবেলায় মাটিতে কান পেতে বসে থাকতেন।
- c) একদল পিঁপড়ে যখন মাছিটিকে টেনে নিয়ে গর্তের দিকে যাচ্ছিল তখন আর একদল পিঁপড়ে গর্ত থেকে বেরিয়ে মাছিটি যেদিকে ছিল সেই দিকে যাচ্ছিল। পথে দুদলের সাক্ষাৎ হলে একদল মুখোমুখি করে অন্য দলকে কি যেন সক্ষেত করল, তখন যারা আসছিল তারা ফিরে গেল। ওদের এরকম মুখোমুখি হতে দেখে লেখকের ধারণা হয়েছিল, তারা কথা বলে।
- d) বক্তার এই অঙ্গুত কান্ডকারখানা দেখে বাড়ির বড়রা খুব হাসাহাসি করতেন।

**বাড়ির কাজ**

- সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী :- ( ১ থেকে ৪ )
- অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী :- ( ১ থেকে ৮ )
- নৈর্ব্যক্তিক ও ব্যাকরণগত প্রশ্নাবলী :- ( ১ থেকে ৫ )
- পাতা নং- ২৮

## কবিতা

### প্রশ্ন (রবীন্দ্রনাথ ঠাকুর)

- **কবি পরিচিতি:-** ১৯১৩ খ্রীঃ ‘গীতাঞ্জলি’ কাব্য গ্রন্থের ইংরেজিতে অনুবাদ করার জন্য তিনি নোবেল পুরস্কার পেয়েছিলেন। তাঁর লেখা দুটি কাব্যগ্রন্থ হল ‘সোনার তরী’, ‘বলাকা’।
- **পাঠের উৎসঃ-** রবীন্দ্রনাথ ঠাকুরের পরিশেষ কাব্য গ্রন্থ
- **মূলভাবঃ-** পাতা নং ১৫৯-১৬০।
- **শব্দার্থঃ-** অন্তর- মন, বিদ্যেষ- হিংসা, কপট- ছলনাময়, উন্মাদ- পাগল, রুদ্ধ- আটকানো, ভুবন- পৃথিবী।

#### প্রশ্ন

1. ‘তুমি যুগে যুগে দৃত পাঠিয়েছ বাবে বাবে’
  - a) কে দৃত পাঠিয়েছেন ?
  - b) কেন পাঠিয়েছেন ?
  - c) মানুষ তাঁদের উপদেশ গুলিকে কী ভাবে নিয়েছে? [1+2+2=5]

#### উত্তরঃ

- a) পরম পিতা ঈশ্বর যুগে যুগে দৃত পাঠিয়েছেন।
- b) পৃথিবী যখন হিংসা দ্বেষ, লোভ-মোহ তে পরিপূর্ণ তখন মানুষের জীবনকে সুন্দর করে তোলার জন্য, পৃথিবীকে হিংসা, দ্বেষ, লোভ, মোহ থেকে মুক্ত করে চমৎকার বাসযোগ্য ও নির্মল শান্তিপূর্ণ করে তোলার জন্য তিনি মহাপুরুষদের পাঠিয়েছেন।
- c) পৃথিবীর বরণীয় ও স্মরণীয় মহাপুরুষরা বাবে বাবে হিংসা, দ্বেষ, পীড়ন- অত্যাচারহীন পৃথিবী প্রতিষ্ঠার জন্য যতই প্রাণপণ চেষ্টা করুন না কেন পৃথিবীর মানুষ কিন্তু তাঁদের প্রচারিত বাণীগুলি গ্রহণে বরাবর উদাসীন ও নির্বিকার রয়েছে। স্বার্থপর মানুষ ঐসব মহাপুরুষদের কথা শুনেছে মাত্র, কিন্তু তাঁদের উপদেশ অনুযায়ী চলেনি। তাঁদেরকে নমস্কার জানালেও তাঁদের প্রতি প্রকৃত শ্রদ্ধাশীল হয়ে উঠতে পারেনি।

- সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী (১ থেকে ৬)
- অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলী (১ থেকে ৮)
- নৈর্ব্যক্তিক এবং ব্যাকরণগত প্রশ্নাবলী (১, ২, ৩, ৬, ৭)  
পাতা নং- ১৬১, ১৬২

#### Writing Skill

#### পত্র রচনা কর। (120 Words)

তোমাদের পাড়ার লোকেরা Lock Down এর নিয়মাবলী একেবারেই মেনে চলছে না- একথা জানিয়ে পুলিশ প্রধানকে একটি পত্র লেখ।

#### প্রবন্ধ (250 Words)

- a) একটি ভ্রমনের অভিজ্ঞতা
- b) দাও ফিরে সে অরণ্য